২৬/৮/২০০২

তারিখ ...............

পৃষ্ঠা ৮ কলাম ৬ .......

দৈনিক ইনকিলাব

# সেনাবাহিনী ও মাদ্রাসা শিক্ষা তুলে দেয়ার দাবীদারদের গ্রেফতার করুন বিভিন্ন সংগঠন

**স্টাফ রিপোর্টার ঃ** সিপিডি প্রথম আলোর উদ্যোগে গঠিত জাতীয় নীতি ফোরামের শিক্ষানীতি সংক্রান্ত আলোচনা সভায় বাংলাদেশ থেকে সেনাবাহিনী ও মাদ্রাসা শিক্ষা তুলে দেয়া সংক্রান্ত দাবীর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে একাধিক সংগঠন। এ প্রেক্ষিতে প্রদত্ত বিবৃতিতে সংগঠনসমূহের নেতৃবৃন্দ উল্লেখিত দাবী উত্থাপনকারী এনজিও প্রতিনিধি ও বুদ্ধিজীবীদের গ্রেফতার করে উপযুক্ত শাস্তি প্রদানের আহবান জানিয়েছেন।

**বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি**

বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সভাপতি মাওলানা এম এ রকীব, নির্বাহী সভাপতি মুফতি ইজহারুল ইসলাম চৌধুরী ও মহাসচিব মাওলানা আব্দুল লতিফ নেজামী বিবৃতিতে বলেন, ইসলামের প্রভাব এদেশের জনগণের উপর অপরিসীম। ইসলামকে সঞ্জীবিত রাখার বাহন মাদ্রাসা শিক্ষা বন্ধের দাবী যারা করে, তারা এদেশ থেকে ইসলামকে উৎখাত করতে চায়।

**আমরা ঢাকাবাসী**

এ ব্যাপারে আমরা ঢাকাবাসী সংগঠনের সভাপতি হাজী শামসুল হক, সিনিয়র সহ-সভাপতি মোঃ জামাল নাছের চৌধুরী, সেক্রেটারী জেনারেল মাওলানা বেলায়েত হোসাইন আল ফিরোজী গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে বলেন, কিছু খ্রীস্টান এনজিও প্রতিনিধি, ভারতীয় চর হিসেবে পরিচিত ইসলাম ও দেশের স্বাধীনতাবিরোধী কিছু বুদ্ধিজীবী

৩-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## সেনাবাহিনী ও মাদ্রাসা শিক্ষা

৮-এর পৃষ্ঠার পর

যে দাবী তুলেছেন তা স্বাধীনতা ও সার্বভৌমত্বের মারাত্মক হুমকিস্বরূপ। নেতৃদ্বয় অবিলম্বে এই দেশদ্রোহী এনজিও প্রতিনিধি ও বুদ্ধিজীবীদের গ্রেফতার করে উপযুক্ত শাস্তি প্রদানের আহ্বান জানিয়েছেন।

**আইএলও বাংলাদেশ**
**ইসলামী লেবার অর্গানাইজেশন**

(আইএলও) বাংলাদেশের চেয়ারম্যান জনাব, আশরাফ উদ্দিন আহম্মদ সিডিপি প্রথম আলোর উদ্যোগে গঠিত জাতীয় নীতি ফোরামের ২০০১ আলোচনা সভায় বাংলাদেশ হতে সেনাবাহিনী তুলে দিয়ে ঐ খাতের অর্থ শিক্ষাখাতে ব্যয় এবং মাদ্রাসা শিক্ষা তুলে দেয়ার যে দাবী তুলেছেন, তার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানান। তিনি বলেন, তথাকথিত বামপন্থি বলে চিহ্নিতরা জন্মলগ্ন থেকেই যে এদেশের স্বাধীনতাকে মেনে নেয়নি– এ ধরনের দাবী করে তারা তা আবারও প্রমাণ করলেন।

**ইসলামিক বুদ্ধিজীবী ফ্রন্ট**

ইসলামিক বুদ্ধিজীবী ফ্রন্টের সমন্বয়কারী ইঞ্জিনিয়ার এএইচএম আব্দুল হাদী এক বিবৃতিতে বলেছেন, কবীর চৌধুরী গং ও দেশ, ধর্ম, ইসলামবিদ্বেষী এনজিওদের এরূপ ধৃষ্টতা জাতিকে হতবাক করেছে। সেনাবাহিনী তুলে দেয়ার দাবী মূলত এপার বাংলা ওপার বাংলা এক করার খায়েশ সীমানা মুছে ফেলার চক্রান্তেরই অংশ। সুপারিশ মূলত ইসলাম ধর্মের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের বহিঃপ্রকাশ ছাড়া আর কিছু নয়।

**জাতীয় ও আন্তর্জাতিক ব্যক্তিত্ব গবেষণা পরিষদ**

জাতীয় ও আন্তর্জাতিক ব্যক্তিত্ব গবেষণা পরিষদের সভাপতি আলহাজ অলিউল্লাহ মিয়া ও মহাসচিব আলহাজ মোহাম্মদ আলী মোল্লা এক বিবৃতিতে বলেছেন, সেনাবাহিনী তুলে দেয়া ও মাদ্রাসা শিক্ষা বন্ধ করার দাবী যারা করেন, তারা দেশদ্রোহী, ইসলামবিরোধী ও ভারতীয় দালাল।